শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনের সাথে মতবিনিময়/কর্মশালা

সভাপতি : জনাব মোঃ আতিকুল হক
মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

তারিখ : ০২.০৬.২০২১

সময় : সকাল ৯:১৫ ঘটিকা

শুদ্ধাচার/উত্তম চর্চা বাস্তবায়নের মুল উদ্দেশ্যই হলো 'দুর্নীতি'কে না বলা এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা। সর্বোপরি সকল পর্যায়ের নাগরিকের উত্তম সেবা প্রদান নিশ্চিত করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ ও লালিত স্বপ্ন বাস্তবায়ন করা। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির (APA) এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়ন অংশে শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে সেবা গ্রহিতা/অংশীজনের সাথে মত বিনিময় করার নির্দেশনা আছে। এ সংক্রান্ত বিষয়ে সর্বশেষ ১৩.০১.২০২১ তারিখে এ অধিদপ্তরে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত উল্লেখ করে শুদ্ধাচার/উত্তম চর্চা নিশ্চিতকরণের লক্ষে অত্র অধিদপ্তরের মাধ্যমে গৃহীত পদক্ষেপসমূহ সভায় ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভায় উপস্থিত অধিদপ্তরের কর্মকর্তাসহ একশান এইড, ফ্রেন্ডশিপ, এনআরপি(ডিডিএম),পিএসটিসি, আবহাওয়া অধিদপ্তর ,ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, আনসার ও ভিডিপি এর প্রতিনিধি ও সংশ্লিষ্ট সদস্যগণ সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। স্বেচ্ছাসেবকদের দুর্যোগে দ্রত সেবা পাবার লক্ষ্যে আলাদা ডাটাবেজ প্রস্তুতের বিষয়ে একশান এইডের প্রতিনিধি সুপারিশ করেন। বিভিন্ন দুর্যোগের বিষয়ে আনসারদেরকে প্রয়োজনীয় ট্রেনিংয়ের আওতায় এনে উপকুলীয় এলাকায় আনসারদের সম্পৃক্তকরণের জন্য আনসার ও ভিডিপির প্রতিনিধি সুপারিশ করেন। ট্রেনিংপ্রাপ্ত স্বেচ্ছাসেবকদের প্রয়োজনীয় রিফ্রেশার্স ট্রেনিংসহ প্রনোদনা প্রদানের জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের প্রতিনিধি সুপারিশ করেন। তাছাড়া ভুমিকম্পের আগাম সতর্কবার্তার অটোমেটিক ম্যাসেস সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারদের নিকট খুব অল্প সময়ের মধ্যে পৌঁছানোর লক্ষ্যে প্রয়োজনীয় উপকরণ/যন্ত্রপাতি ক্রয়ের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাধ্যমে একটি আলাদা প্রকল্প গ্রহণের বিষয়ে আবহাওয়া অধিদপ্তরের প্রতিনিধি মত প্রকাশ করেন। উপস্থিত সদস্যদের মতামত/সুপারিশ যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করবেন মর্মে সভাপতি সভায় উল্লেখ করেন এবং আনসার ও ভিডিপি সদস্যদের প্রশিক্ষণে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরকে সম্পৃক্ত করলে বিভিন্ন দুর্যোগের বিষয়ে প্রয়োজনীয় ধারণাসহ সব ধরনের সহযোগিতা করার আশ্বাস দেন।

বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| নং | আলোচ্য বিষয় | অধিদপ্তরের কার্যক্রম | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | যথাসময়ে কর্মকর্তা/কর্মচারিদের অফিসে উপস্থিতি নিশ্চিত করার লক্ষ্যে অধিদপ্তরের প্রধান ফটকে ইলেকট্রনিক্স একসেস কন্ট্রোল স্থাপন। | কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে অফিসের উপস্থিতি নিশ্চিত করার জন্য সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদেরকে ডিজিটাল পরিচয় পত্র প্রদান করা হয়েছে। এ অধিদপ্তরের প্রধান ফটকে ইলেকট্রনিক্স একসেস কন্ট্রোল এর মাধ্যমে ডিজিটাল হাজিরা নিশ্চিত করা হচ্ছে। উক্ত রেকর্ড অনুযায়ী বিলম্বে উপস্থিতির জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। | প্রতি সপ্তাহে ডিজিটাল হাজিরা যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। **বাস্তবায়ন:** পরিচালক (প্রশাসন) |
| ৩ | দুর্যোগকালীন জরুরি প্রয়োজনে বের হওয়ার জন্য ভবনে আলাদাভাবে বহিঃর্গমন সিঁড়ি সংযোজন। | ত্র অধিদপ্তরের সকল ফ্লোর হতে দুর্যোগকালীন জরুরি প্রয়োজনে বের হওয়ার জন্য আলাদাভাবে বহিঃগমন সিড়ি সংযোজন করা হয়েছে। এতে অগ্নিকান্ডসহ যে কোন দুর্যোগে তাৎক্ষনিক ভাবে বহিঃগমন সিঁড়ির মাধ্যমে অধিদপ্তরের যে কোন ফ্লোর হতে দ্রুত/ সহজেই নিরাপদে বের হতে পারবে। | দ্রুত ব্যাহার উপযোগী করতে হবে। **বাস্তবায়ন:** পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ) |
| ৪ | প্রতিবন্ধী বান্ধব টয়লেট স্থাপন। | প্রতিবন্ধী ও স্বাভাবিক কাজকর্মে অক্ষম জনগণের উত্তম নাগরিক সেবা নিশ্চিত করণের জন্য অত্র অধিদপ্তরের নিচ তলায় (গ্রাউন্ড ফ্লোর) প্রতিবন্ধী বান্ধব টয়লেট স্থাপন করা হয়েছে। | সার্বক্ষণিক ব্যবহার উপযোগী রাখতে হবে। **বাস্তবায়ন:** পরিচালক (প্রশাসন) |
| ৫ | মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সাথে প্রতিমাসে Zoom মিটিং করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাধ্যমে গৃহীত ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়নাধীন সকল পর্যায়ের কাজের বর্তমান অগ্রগতি পর্যালোচনা এবং মাঠ পর্যায়ে চলমান কাজ বাস্তবায়নের বিভিন্ন সমস্যা নিরসনে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সাথে প্রতিমাসে Zoom মিটিং করা হয়ে থাকে। | Zoom মিটিং নিয়মিত করতে হবে **বাস্তবায়ন:** পরিচালক (প্রশাসন) |

| নং | আলোচ্য বিষয় | অধিদপ্তরের কার্যক্রম | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৬ | অধিদপ্তরের সিটিজেন চার্টার ওয়েভসাইটে হালনাগাদ রাখা। | অধিদপ্তরের সিটিজেন চার্টার অনুযায়ী সেবা গ্রহীতাদের সেবা প্রদান নিশ্চিত করা হচ্ছে। সিটিজেন চার্টার অনুযায়ী যথাযথভাবে অভ্যন্তরীণ, নাগরিক ও প্রাতিষ্ঠানিক সেবা সময়মত প্রদান করা হয়ে থাকে। | অধিদপ্তরের সিটিজেন চার্টার ওয়েভসাইটে হালনাগাদ রাখতে হবে এবং নির্ধারিত সময়ে সেবা প্রদান নিশ্চিত করতে হবে।<br>**বাস্তবায়ন:**<br>সকল পরিচালক ও প্রোগ্রামার |
| ৭ | অধিদপ্তর ও মাঠ পর্যায়ের দপ্তরে দৃশ্যমান স্থানে অভিযোগ/ পরামর্শ বাক্স স্থাপন | অধিদপ্তর ও মাঠ পর্যায়ের দপ্তরে দৃশ্যমান স্থানে অভিযোগ/ পরামর্শ বাক্স স্থাপন এবং প্রাপ্ত অভিযোগ / পরামর্শসমূহ দুত নিষ্পত্তি করা হয়ে থাকে। ত্র অধিদপ্তরাধীন জেলা/উপজেলা পর্যায়সহ প্রধান কার্যালয়ে রক্ষিত অভিযোগ/পরামর্শ বাক্সে প্রাপ্ত অভিযোগ বা পরামর্শের আলোকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়ে থাকে। | অভিযোগ/পরামর্শ বাক্সে প্রাপ্ত অভিযোগ বা পরামর্শের আলোকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>**বাস্তবায়ন:**<br>পরিচালক (প্রশাসন) |
| ৮ | ই-টেন্ডার চালুকরণ। | ক্রয় কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের ও মানবিক সহায়তা কার্যক্রমের আওতায় বিভিন্ন ত্রাণসামগ্রী ক্রয়ের দরপত্র প্রণয়ন,দরপত্র বিক্রি ও দরপত্র গ্রহণসহ ঠিকাদার নিয়োগ ই-জিপি-এর মাধ্যমে করা হচ্ছে। | ই-টেন্ডার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>**বাস্তবায়ন:**<br>সকল প্রকল্প পরিচালক/সংশ্লিষ্ট পরিচালক |
| ৯ | অন লাইনে GRS এর মাধ্যমে প্রাপ্ত অভিযোগসমূহ নির্ধারিত সময় সীমার মধ্যে অন লাইনেই নিষ্পত্তি করা | অন লাইনে GRS এর মাধ্যমে প্রাপ্ত অভিযোগসমূহ নির্ধারিত সময় সীমার মধ্যে অন লাইনেই নিষ্পত্তি করা হচ্ছে। | অব্যাহত রাখতে হবে।<br>**বাস্তবায়ন:**<br>পরিচালক (প্রশাসন) |
| ১০ | এ অধিদপ্তরে দুর্নীতি প্রতিরোধকরণ ও দুর্নীতির কুফল সম্পর্কে নিয়মিত সচেতনতামূলক সভা করা | এ অধিদপ্তরে দুর্নীতি প্রতিরোধকরণ ও দুর্নীতির কুফল সম্পর্কে নিয়মিত সচেতনতামূলক সভা করা হয়ে থাকে। "দুর্নীতি"কে না বলা এবং স্বচ্ছতা ও যথাযথ জবাবদিহিতার মাধ্যমে কর্মসম্পাদনে সচেষ্ট হয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে সরকারের উন্নয়নমূলক প্রকল্পসহ সকল কর্মসূচি বাস্তবায়ন বিষয়ে নির্দেশনা দেয়া হয়ে থাকে। তাছাড়াও প্রতি বছর অধিদপ্তর ও মাঠ পর্যায়ে সৎ, দক্ষ, কর্মঠ ও নিষ্ঠাবান কর্মকর্তা/ কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের মাধ্যমে প্রণোদনা প্রদানের ব্যবস্থা গ্রহণ হয়ে থাকে। পাশাপাশি অসৎ কর্মকর্তা/ কর্মচারীদের বিরূদ্ধে বিভাগীয় ব্যবস্থাগ্রহণ করে সরকারি বিধিমতে যথাযথ তদন্তের মাধ্যমে উপযুক্ত শাস্তি প্রদান করা হয় এবং বিভিন্ন সভা/সেমিনারের মাধ্যমে প্রত্যেক কর্মকর্তা/ কর্মচারীকে সামাজিক, ধর্মীয় অনুশাসন,দেশাত্ববোধ ও নৈতিক মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল হওয়ার উৎসাহ দেয়া হয়ে থাকে। | অব্যাহত রাখতে হবে।<br>**বাস্তবায়ন:**<br>সকল পরিচালক |
| ১১ | অধিদপ্তরের সকল পর্যায়ে পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ | অধিদপ্তরের সকল পর্যায়ে পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণের পদক্ষেপ নেয়া হয়েছে। এ অধিদপ্তরের সামনের আঙিনা, গ্যারেজ, প্রতিটি কক্ষ ও ফ্লোর হতে অপ্রয়োজনীয় আসবাবপত্র, নথি, রেজিষ্টার ও কাগজপত্রাদি সচিবালয়ের নির্দেশনামতে বিনষ্ট ও অপসারণ করে প্রতিনিয়ত পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রেখে এবং অধিদপ্তরের সামনে গাছ লাগিয়ে মাধ্যমে কর্ম-পরিবেশ বান্ধব সৃষ্টি করা হয়েছে। | অধিদপ্তরের পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়টি সার্বিক মনিটরিং এর মাধ্যমে নিশ্চিত করতে হবে।<br>**বাস্তবায়ন:**<br>পরিচালক (সকল)<br>উপপরিচালক (প্রশাঃ-২) |
| ১২ | সাম্প্রতিক সময়ে চলমান করোনা মহামারি মোকাবিলায় সরকারি প্রজ্ঞাপন ও নির্দেশনাসমূহ | সাম্প্রতিক সময়ে চলমান করোনা মহামারি মোকাবিলায় সরকারি প্রজ্ঞাপন ও নির্দেশনাসমূহ যথাযথভাবে পালনের জন্য এ অধিদপ্তরাধীন সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের নির্দেশনা দেয়া হয়েছে। প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীকে বাধ্যতামূলকভাবে মাস্ক ও স্যানিটাইজার ব্যবহারে উদ্বুদ্ধ করা হচ্ছে। | অব্যাহত রাখতে হবে।<br>**বাস্তবায়ন:**<br>সকল পরিচালক/প্রকল্প পরিচালক |

| নং | আলোচ্য বিষয় | অধিদপ্তরের কার্যক্রম | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | যথাযথভাবে পালনে উদ্বুদ্ধ করা | | |
| ১৩ | স্বেচ্ছাসেবকদের জন্য আলাদা ডাটাবেজ প্রস্তুত | স্বেচ্ছাসেবকদের জন্য আলাদা ডাটাবেজ প্রস্তুতের বিষয়ে একশান এইড এবং পিএসটিসি প্রতিনিধি সভায় উল্লেখ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেয়া হবে।<br>**বাস্তবায়ন:**<br>পরিচালক (এমআইএম) |
| ১৪ | বিভিন্ন দুর্যোগের বিষয়ে আনসারদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান | বিভিন্ন দুর্যোগের বিষয়ে আনসারদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দিয়ে উপকুলীয় এলাকায় আনসারদের সম্পৃক্তকরণের জন্য আনসার ও ভিডিপির প্রতিনিধি সভায় সুপারিশ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেয়া হবে।<br>**বাস্তবায়ন:**<br>পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) |
| ১৫ | প্রশিক্ষণ প্রাপ্ত স্বেচ্ছাসেবকদের রিফ্রেশার্স ট্রেনিংসহ প্রনোদনা প্রদান | প্রশিক্ষণ প্রাপ্ত স্বেচ্ছাসেবকদের ধরে রাখার জন্য প্রয়োজনীয় রিফ্রেশার্স ট্রেনিংসহ প্রনোদনা প্রদানের জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিভেন্সের প্রতিনিধি সভায় সুপারিশ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেয়া হবে।<br>**বাস্তবায়ন:**<br>পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ |

আলোচনার জন্য আর কোন বিষয় না থাকায় উপস্থিত সকলকে আবারও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আতিকুল হক)
মহাপরিচালক
ফোনঃ ৮৮৩৫৯৪৫

স্মারক নং- ৫১.০১.০০০০.০০৩.০০৬.০৩৪.২০. ৪৮২ তারিখঃ ০৭.০৬.২০২১ খ্রি.

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কাজী আলাউদ্দিন রোড, বঙ্গবাজার, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ আনছার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও,ঢাকা।
০৪। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।
০৫। পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
০৬। পরিচালক, আবহওয়া অধিদপ্তর, শেরেবাংলানগর, ঢাকা।
০৭। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (উত্তর ও দক্ষিণ)।
০৯। উপপরিচালক(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১০। জনাব প্রবীর কুমার দাস, প্রোগ্রামার/ কমিউনিকেশন মিডিয়া স্পেশালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১১। কান্ট্রি ডিরেক্টর, সেভ দ্য চিলড্রেন, বাড়ী নং- cwn (A35) রোড-৪৩, গুলশান-২ ,ঢাকা।
১২। কান্ট্রি ডিরেক্টর, এ্যাকসান এইড, বাড়ী নং- CE ( C- B5) রোড-১৩৬, গুলশান-১ ,ঢাকা।
১৩। নির্বাহী পরিচালক, ফ্রেন্ডশীপ বাংলাদেশ , K- 14/2A , বারিধারা নর্থ রোড (কালাচাঁদপুর),
১৪। পরিচালক, বিডিপিসি। বাড়ী নং- ১৫/এ, রোড-০৮, গুলশান-১,ঢাকা।
১৫। উপপরিচালক, সেন্টার ফর ডিঅ্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট (সিডিডি), এ-১/৬, গেন্ডা, সাভার, ঢাকা-১৩৪০।
১৬। প্রজেক্ট ম্যানেজার, পিএসটিসি।
১৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

০৭.৬.২০২১

(ড. মোঃ হাবিব উল্লাহ বাহার)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন-১)
ফোনঃ ০২-২২২২৬১৩৬০

C:\Users\ddm1\Downloads\Suddachar Uttam charcha meet.june.21 (1).docx